

সারাদেশ

ঘাটাইলে ফ্যামিলি কার্ডে আওয়ামী লীগ নেতাকর্মীদের নিয়োগের অভিযোগ

প্রতিবেদক: ঘাটাইল প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ঢাকা প্রেস

টাঙ্গাইলের ঘাটাইলে ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে আওয়ামী লীগের নেতাকর্মীদের নিয়োগ দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় নিয়োগ বাতিলের দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বরাবর লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

রোববার (৯ আগস্ট) দুপুরে শাফিউর রহমান নামে এক ব্যক্তি প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকাসহ এ অভিযোগ দেন।

অভিযোগে বলা হয়, ঘাটাইল উপজেলায় ফ্যামিলি কার্ড কর্মসূচির সুপারভাইজার পদে তিনজন এবং তথ্য সংগ্রহকারী পদে সাতজনকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছে। অভিযোগকারীর দাবি, নির্বাচিতদের কয়েকজন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত এবং বিগত সরকারের সময়ে এলাকায় বিভিন্ন অনিয়ম ও অপরাধমূলক কর্মকাণ্ডে যুক্ত ছিলেন।

অভিযোগে আরও বলা হয়, নির্বাচিতদের কয়েকজন ফ্যামিলি কার্ড কর্মসূচি নিয়ে বিরূপ মন্তব্য করছেন এবং কার্ড বিক্রির চেষ্টা করতে পারেন বলে আশঙ্কা রয়েছে। এ কারণে তাদের নিয়োগ বাতিলের দাবি জানানো হয়েছে।

এদিকে ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগে অনিয়মের অভিযোগ এর আগেও উঠেছিল উপজেলা নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে। এ নিয়ে গত ৪ আগস্ট গণগণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়।


শাফিউর রহমান বলেন, ফ্যামিলি কার্ডে নিয়োগে অনিয়মের অভিযোগ রয়েছে। আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের নিয়োগ দেওয়া হচ্ছে, যারা বিএনপির ফ্যামিলি কার্ড নিয়ে বিরূপ মন্তব্য করছেন।

অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে ঘাটাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মাহমুদুল হাসানের মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ডুয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...